তারিখ 14 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ



গতকাল রাজধানীতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীদের জঙ্গিবিরোধী মানববন্ধন —সংবাদ

### বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীর

# জঙ্গিবাদবিরোধী দেশ গড়ার অঙ্গীকার

নিজস্ব বার্তা পরিবেশক

ঐক্যবদ্ধভাবে দেশকে জঙ্গিবাদমুক্ত করার অঙ্গীকার করলেন রাজধানীর বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল সকালে মানববন্ধন ও অবস্থান কর্মসূচিতে অংশ নিয়ে তারা বলেন, 'হটাবো জঙ্গি বাঁচাবো দেশ, আমরাই গড়ব সন্ত্রাসমুক্ত বাংলাদেশ'। শিক্ষক-শিক্ষার্থীরা জঙ্গিবাদে জড়িয়ে পড়া শিক্ষার্থীদের সুন্দর জীবনে ফিরে আসার আহ্বান জানান।

জঙ্গিবাদবিরোধী কর্মসূচি পালিত হয় গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, শেরেবাংলা নগন গার্লস স্কুল, মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ট্রাস্ট স্কুল অ্যান্ড কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে। গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল সংলগ্ন রাস্তার পাশে আয়োজিত কর্মসূচিতে অংশ নেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, শিক্ষা সচিব সোহরাব হোসাইন, ঢাকা কলেজ অধ্যক্ষ অধ্যাপক মোয়াজ্জেম হোসেন মোল্লাহ, কলেজের ইংরেজি বিভাগের অধ্যাপক নেহাল আহমেদ, ঢাকা জেলা প্রশাসক সালাহ উদ্দীন প্রমুখ। মানববন্ধনে মন্ত্রী জঙ্গিবাদ প্রতিরোধে সর্বস্তরের মানুষকে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে জঙ্গিবাদ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এই মানববন্ধনের আয়োজন করা হয়। একই কর্মসূচি পালিত হয় মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে। প্রতিষ্ঠানের শত শত শিক্ষক-শিক্ষার্থী কর্মসূচিতে অংশ নিয়ে দেশকে জঙ্গিমুক্ত করার অঙ্গীকার করেন।

মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ড. শাহান আরা বেগম, গভর্নিংবাডির সদস্য ও স্থানীয় ওয়ার্ড কমিশনার গোলাম আশরাফ তালুকদারসহ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা অংশ নেন কর্মসূচিতে। মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজে সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী মানববন্ধন ও র‍্যালি অনুষ্ঠিত হয়। কলেজ ক্যাম্পাসে এ কর্মসূচি পালিত হয়। কলেজের অধ্যক্ষ লে. কর্নেল কাজী শরীফ উদ্দিন, উপাধ্যক্ষ, শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

অধ্যক্ষ লে. কর্নেল কাজী শরীফ উদ্দিন বলেন, 'সন্ত্রাস ও জঙ্গিবাদ শিক্ষাজীবন ও শিক্ষা প্রতিষ্ঠানকে ধ্বংস করে। এ বিষয়ে সবাইকে সজাগ ও সতর্ক দৃষ্টি রাখতে হবে।' মানববন্ধন পালন করে শেরেবাংলা নগর বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীরা। সকালে রাস্তার দু'পাশে দাঁড়িয়ে তারা জঙ্গিবাদবিরোধী এ কর্মসূচি পালন করে। কর্মসূচিতে কয়েকশ' শিক্ষার্থী ও শিক্ষক অংশ নেন।

সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় ও সচতেনতা বৃদ্ধির লক্ষ্যে মানববন্ধন পালন করে ঢাকা ট্রাস্ট স্কুল অ্যান্ড কলেজ। জঙ্গিবাদবিরোধী এসব স্লোগান সংবলিত ব্যানার, প্লেকার্ড ও ফেস্টুন হাতে নিয়ে ট্রাস্ট স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ বশির আহাম্মেদ ভূঁইয়ার নেতৃত্বে শত শত ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ ক্যাম্পাসসমূহের সামনে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে কর্মসূচি পালন করেন।

মানববন্ধনে ব্যানার, প্লেকার্ড ও ফেস্টুনে লেখা ছিল, 'সন্ত্রাস ও জঙ্গিবাদ রুখে দাঁড়াও/দেশকে ভালোবাসুন জঙ্গিবাদ প্রতিরোধ করুন/জঙ্গিবাদ ছাড়ো সুন্দর জীবন গড়ো/সন্ত্রাস নয় শান্তি চাই, শঙ্কামুক্ত জীবন চাই/সংস্কৃতির চর্চা করি, জঙ্গিবাদ উপড়ে ফেলি/হাতে হাতে রাখো হাত, তাড়াও সন্ত্রাস জঙ্গিবাদ/সন্ত্রাস ও জঙ্গিবাদ মানি না/শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস ও জঙ্গিবাদের স্থান নেই/সুশিক্ষা গ্রহণ করি, জঙ্গিবাদ ধ্বংস করি/সন্ত্রাস ও জঙ্গিবাদ শিক্ষা জীবন ও শিক্ষা প্রতিষ্ঠানকে ধ্বংস করে/সন্ত্রাস ও জঙ্গিবাদ শান্তি শৃঙ্খলা বিনষ্ট ও উন্নয়ন ব্যাহত করে/জঙ্গিবাদ নিপাত যাক, সবার জীবন নিরাপদ থাক/সন্ত্রাস নয় শান্তি চাই শঙ্কামুক্ত জীবন চাই/সন্ত্রাস বা জঙ্গি নয়, আমরা শান্তি ও মানবতার পক্ষে/সন্ত্রাস ও জঙ্গিমুক্ত সম্প্রীতির বাংলাদেশ চাই/ ধর্মের নামে মানুষ হত্যা সন্ত্রাস-জঙ্গিবাদ মানি না মানবো না/সাম্প্রদায়িক ঐক্যের বাংলাদেশে সন্ত্রাস ও জঙ্গিবাদের ঠাঁই নেই।'